গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)**
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

স্মারক নং-৩৭.০৪.০০০০.৫০০.৩৫.০০১.২২- ২৬৬৭

তারিখ : ০২/০২/১৪২৯ বঃ
১৬/০৫/২০২২ খ্রিঃ

## নোটিশ

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর ২০২২-২৩ অর্থবছরে গবেষণাকর্ম সম্পাদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়াধীন সকল সংস্থা/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের অনুষদ/কর্মকর্তাগণের নিকট থেকে নায়েম-এর গবেষণা নীতিমালা অনুযায়ী গবেষণা প্রস্তাবনা আহবান করা যাচ্ছে। গবেষণা প্রস্তাবনা ১৯ মে ২০২২ বৃহস্পতিবার-এর পরিবর্তে আগামী ৩১ মে ২০২২ মঙ্গলবার পর্যন্ত জমাদানের তারিখ বর্ধিত করা হলো। উল্লেখ্য, হার্ডকপি (Hard Copy ও Soft Copy) পরিচালক (গবেষণা ও তথ্যায়ন), নায়েম বরাবর দাখিল করতে হবে।

A. **নিম্নবর্ণিত নির্বাচিত ক্ষেত্রসমূহের ওপর গবেষণা প্রস্তাবনা দাখিল করতে হবে**

| | | | |
|---|---|---|---|
| i | New Thinking & Innovation of Educational Issues | ix | Secondary and Higher Education (School/ College/ Madrasha/Tertiary Level) |
| ii | Quality Education | x | SDGs/Sustainable Education and Lifelong Learning |
| iii | Education in Emergence Context | xi | Student Assessment & Public Examination |
| iv | Entrepreneurship in Education | | TVET Education to generate employability |
| v. | Global Citizenship Education/ Ethics and Moral Education | xii | Blended Learning |
| vi | Inclusive Education | xiii | Multilingual Education |
| vii | Information Literacy/Data Management in the field of Education | xiv | Pedagogy and andragogy |
| viii | Innovative and best Practices in Education | xv | Robotics Artificial Intelligence in Education |

B. **গবেষণা প্রস্তাবনা প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করতে হবে**

(ক) **Plagiarism Similarity Index (২৫ % এর নিচে),** অনুসরণপূর্বক গবেষণা প্রস্তাবনা অবশ্যই অনলাইনে প্রেরণ করতে হবে; গবেষণা প্রস্তাবনার সফ্টকপি ই-মেইল **rddivision.naem@gmail.com/luthforedu@gmail.com** এবং **ayetali42 @ gmail.com**-এ ওয়ার্ড ফরম্যাট (Times New Roman)-এ প্রেরণ করতে হবে এবং নায়েম অনুষদ ব্যতীত অন্যান্য গবেষকগণ যথাযথ কর্তৃপক্ষের 'নো-অবজেকশন' পত্রসহ গবেষণা প্রস্তাবনা দাখিল করবেন;

খ) গবেষণা প্রস্তাবনা বাংলা অথবা ইংরেজি ভাষায় প্রণয়ন করা যাবে। গবেষণা প্রস্তাবনার দুটি অংশ থাকবে;

(গ) প্রথম অংশে থাকবে গবেষণা প্রস্তাবনা (৭ সেট)। যেখানে দলের নাম, পদবি ও ঠিকানা উল্লেখ থাকা নিষ্প্রয়োজন;

(ঘ) দ্বিতীয় অংশে থাকবে পরামর্শক, দলনেতা ও সদস্যগণের মোবাইল নাম্বার এবং ই-মেইলসহ জীবনবৃত্তান্ত (৭ সেট)। পরামর্শকের সম্মতিপত্র (স্বাক্ষরসহ) এবং গবেষণাদলের সকল সদস্যের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি কপি সংযুক্ত করতে হবে; (দাপ্তরিক কাজের সুবিধার্থে এক পৃষ্ঠায় গবেষকদলের সকল সদস্যের নাম ও বর্তমান ঠিকানা বাংলায় সংযুক্ত করতে হবে)।

(ঙ) গবেষণাদল গঠনের ক্ষেত্রে প্রতিটি দলে সম্মতিপত্রসহ নায়েম-এর কমপক্ষে একজন অনুষদ সদস্যকে অর্ন্তভুক্ত করতে হবে;

(চ) গ্রন্থপঞ্জি/তথ্যসূত্র লিখার ক্ষেত্রে **APA Style (হালনাগাদ Edition)** অনুসরণ করতে হবে;

(ছ) **নায়েম গবেষণা নীতিমালা ২০১৮ অনুযায়ী অবশ্যই গবেষণা প্রস্তাবনা তৈরি ও দাখিল করতে হবে (নায়েম ওয়েবসাইটে দেখা যেতে পারে);**

(জ) গবেষণাকর্ম সম্পাদন শেষে জমাকৃত প্রতিবেদনের ভিত্তিতে জার্নালে প্রকাশোপযোগী গবেষণা প্রবন্ধ জমা দিতে হবে। যা পর্যালোচক/ Reviewer-এর অভিমতের ভিত্তিতে নায়েম জার্নালে প্রকাশের ব্যবস্থা করা হবে;

(ঝ) প্রতিটি গবেষণাকর্মের ফলাফলের সারসংক্ষেপ প্রকাশের উপযোগী করে গবেষণা ও তথ্যায়ন বিভাগ-এ জমা দিতে হবে;

(ঞ) গবেষণাকর্মের সকল ব্যয় সরকারি নীতিমালা ও বাজেট অনুযায়ী পরিশোধ করা হবে;

(ট) গবেষণা প্রস্তাবনায় গবেষকদলের উপদেষ্টাসহ সকলের কার্যপরিধি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

C. গবেষণা প্রস্তাবনার/কার্যক্রম/পরিবর্তন/পরিমার্জন/বাতিলের ক্ষমতা নায়েম গবেষণা কমিটি সংরক্ষণ করেন;

D. **গবেষণা প্রস্তাবনার কাঠামো :** গবেষণা প্রস্তাবনা মূল্যায়নের সুবিধার্থে গবেষণা প্রস্তাবনার রূপরেখা/কাঠামো হবে নিম্নরূপ :

**(১) গবেষণার শিরোনাম (Title of the Research)**

(১.০) ভূমিকা (Introduction)
- (১.১) সমস্যার বিবরণ (Statement of the Problem)
- (১.২) গবেষণা বিষয়ের যৌক্তিকতা (Rationale of the Study)
- (১.৩) গবেষণার উদ্দেশ্য (Objective(s) of the Study)
- (১.৪) গবেষণার পরিধি ও সীমাবদ্ধতা (Scope and Limitation of the Study)
- (১.৫) অনুমিত সিদ্ধান্ত (Formulation of Hypothesis, If necessary)

১৫০০ শব্দ

**(২) প্রস্তাবিত গবেষণার সঙ্গে সংশ্লিষ্ট বা সম্পর্কিত গবেষণাকর্মের পর্যালোচনা (Review of Literature)**-১০০০শব্দ

**(৩) গবেষণা পদ্ধতি (Methodology of Study)**
- (৩.১) নমুনায়ন (Sampling)
- (৩.২) উপাত্তের উৎস ও সংগ্রহের পদ্ধতি (Source of Data and Methods of Data Collection)

৫০০ শব্দ

(৩.৩) উপাত্ত সংগ্রহের উপকরণ (Tools of Data Collection)
(৩.৪) উপাত্ত বিশ্লেষণ ও উপস্থাপন পদ্ধতি (Methods of data analysis and Presentation)
(৩.৫) গবেষণাকর্মটি সম্পাদনে ধারণাগত কাঠামো (Conceptual Frame-work, If necessary)
(৩.৬) গবেষণাকর্ম সম্পাদনের কর্মপরিকল্পনা (Work Plan of the Study) ও প্রত্যাশিত ফলাফল (Expected output)

(৪) **গবেষণা বাজেট :** গবেষণাকর্ম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গবেষণাকর্মের বাজেট : সর্বোচ্চ ৪.০০ লাখ টাকা ।

**গবেষণাকর্মের বাজেট ব্যয় বিভাজন নিম্নোক্ত উপায়ে হবে :**

| গবেষণাদলে অবস্থান এবং সম্মানী | মোট বরাদ্দ ও ব্যয় বিভাজন (%) |
|---|---|
| পরামর্শক | ৫% |
| দলনেতা | ১২% |
| সদস্য (২জন) | (৯% +৯%) =১৮% |
| উপাত্ত সংগ্রহ, যাতায়াত, ষ্টেশনারি ক্রয় ও অন্যান্য খাত | ৬৫% |
| মোট = | ১০০% |

(৫) তথ্যপঞ্জি **(References)**

(৬) গবেষণা পরিচালনায় উপাত্ত সংগ্রহের জন্য যে সকল Tools ব্যবহার করা হবে তার সম্ভাব্য ড্রাফটকপি প্রস্তাবনার সাথে সংযোজন করে জমা দিতে হবে;

E. **(ক) গবেষকদলের গঠন**

| | | |
|---|---|---|
| পরামর্শক : ০১ (এক) জন | দলনেতা : ০১ (এক) জন | সদস্য : ০২ (দুই) জন |

**(খ) গবেষকদলের কর্মপরিধি :** গবেষণা প্রস্তাবনায় গবেষকদলের উপদেষ্টা, দলনেতা, সদস্য-১ ও সদস্য-২ এর কর্মপরিধি অবশ্যই উল্লেখ করতে হবে;

**(গ) পরামর্শকের যোগ্যতা (নায়েম গবেষণা নীতিমালা ২০১৮ অনুযায়ী)**

(i) এমফিল/পিএইচডি আছে অথবা শিক্ষা ও সামাজিকবিজ্ঞান সংশ্লিষ্ট গবেষণায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা আছে এমন ব্যক্তি গবেষণাকর্মের পরামর্শক হবেন;

(ii) নায়েম গবেষণা কমিটির কোন সদস্য গবেষণাকর্মের পরামর্শক হবেন না;

(iii) একজন গবেষক এক অর্থবছরে সর্বোচ্চ একটি গবেষণাকর্মের পরামর্শক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন;

**(ঘ) দলনেতা ও সদস্যগণের যোগ্যতা (নায়েম গবেষণা নীতিমালা ২০১৮ অনুযায়ী), নায়েম ওয়েবসাইটে দেখা যেতে পারে;**

F. (ক) দলনেতা এমফিল বা পিএইচডি ডিগ্রিধারী হবেন/প্রতিষ্ঠিত জার্নালে প্রকাশিত কমপক্ষে ০৫ (পাঁচ)টি গবেষণাকর্ম থাকতে হবে ;

(খ) মাধ্যমিক ও উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে আগ্রহী নায়েম অনুষদ সদস্য (প্রশিক্ষক), শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাগণ নায়েম গবেষণাদলের সদস্য হতে পারবেন। প্রতিটি গবেষণাদলে নায়েম-এর কমপক্ষে ০১ (এক)জন অনুষদ সদস্যকে (প্রশিক্ষক) অন্তর্ভুক্ত রাখতে হবে;

(গ) একজন গবেষক কেবল ০১ (এক)টি গবেষকদলের সদস্য হয়ে প্রস্তাবনা জমা দিতে পারবেন। যদি তিনি একাধিক গবেষকদলের সদস্য হয়ে গবেষণা প্রস্তাবনা দাখিল করেন, তাহলে তাঁকে সকল দল হতে অব্যাহতি দিয়ে নতুন সদস্য অর্ন্তভুক্ত করা হবে। সংশ্লিষ্ট গবেষকের জমাকৃত গবেষণাকর্ম সংক্রান্ত যে কোন পরিবর্তন করার ক্ষমতা নায়েম গবেষণা কমিটি ও গবেষণা ও তথ্যায়ন বিভাগ সংরক্ষণ করে;

(ঘ) অনুমোদিত গবেষণাদলে কোনো পরিবর্তন প্রয়োজন হলে তা গবেষণা ও তথ্যায়ন বিভাগের মাধ্যমে এবং গবেষণা কমিটির অনুমোদনক্রমে পরিবর্তন করতে হবে;

(ঙ) নায়েমের কোন অনুষদ সদস্য অন্যত্র বদলি হয়ে গেলেও তিনি চলমান গবেষণাকর্ম সম্পন্ন করতে পারবেন;

(চ) গবেষণাকর্মের জন্য ভ্রমণকালকে দাপ্তরিক কর্মকাল বলে গণ্য করা হবে। উক্ত ভ্রমণের জন্য গবেষণাকর্মের বাজেট হতে ভ্রমণ ব্যয় নির্বাহ করতে হবে। নায়েমের রাজস্ব বাজেট হতে আলাদাভাবে ভ্রমণ ভাতা দেওয়া হবে না।

১৫/৫/২২

(প্রফেসর ড. মো. নিজামুল করিম)
মহাপরিচালক
ফোন: ৫৫১৬৭৫২৯
ই-মেইল: dg@naem.gov.bd
ও
সভাপতি, নায়েম গবেষণা কমিটি

প্রাপক : ---------------------------------------------
---------------------------------------------
---------------------------------------------

স্মারক নং-৩৭.০৪.০০০০.৫০০.৩৫.০০১.২২- 2649 (700)

তারিখ : 02/02/1429 ; 16/05/2022

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
২. অনুষদ সদস্য (সকল), নায়েম;
৩. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম (গবেষণা প্রস্তাবনা নোটিশ-টি নায়েম ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
৪. ডকুমেন্টেশন অফিসার, নায়েম;
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
৬. পরিচালক (গবেষণা ও তথ্যায়ন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
৭. নোটিশ বোর্ড, (সকল), নায়েম;
৮. অফিস নথি।

12.5.22

(রোকসানা বিলকিস)
পরিচালক (গবেষণা ও তথ্যায়ন)
ফোন : ৫৫১৬৭৫৩১/০১৭৪৩৪৮৩০৭৮
ই-মেইল : rokshana.naem@gmail.com
ও
সদস্য-সচিব, নায়েম গবেষণা কমিটি